অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

শক্তি সংরক্ষণ এবং বিদ্যুৎ চালিত গাড়ির প্রযুক্তিতে সৃজনশীলতাকে অনুপ্রাণিত করতে গভর্নর কুওমো নতুন প্রকল্পের কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেটে পরীক্ষামূলক প্রকল্প চালাতে প্রাযুক্তিক উদ্যোক্তাদের সহায়তার জন্য নিউ ইউর্ক ইউনিভার্সিটি ট্যান্ডনের (New York University (NYU) Tandon) আরবান ফিউচার ল্যাব (Urban Future Lab, UFL) এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) গাঁটছড়া বেঁধেছে

জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে শক্তি সংরক্ষণ এবং বিদ্যুৎ চালিত গাড়ির ব্যবহার প্রচলনের জন্য গভর্নর কুওমোর গ্রীন নিউ ডিল (Green New Deal) গোলসে এগিয়ে যাওয়ার সৃজনশীল চ্যালেঞ্জ

গভর্নর কুওমো আজ নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং আরবান ফিউচার ল্যাব এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority) মধ্যে একটি উদ্ভাবনী অংশীদারীত্বের কথা ঘোষণা করেছেন যা বিদ্যুৎ চালিত গাড়ি এবং শক্তি সঞ্চয় প্রযুক্তিগুলি নিয়ে শুরু করা নতুন ব্যবসাকে নিয়োগ ও সহায়তা করবে। অংশীদারীত্বটি গভর্নর কুওমোর সমগ্র দেশকে পথ দেখানো পরিচ্ছন্ন শক্তি এবং কর্মসংস্থানের বিষয়সূচির গ্রীন নিউ ডিল (Green New Deal) প্রকল্পকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে যা নিউ ইয়র্ক স্টেটকে সমগ্র দেশের মধ্যে, যতটা কম কার্বন ডাই অক্সাইড বাতাসে নির্গমন করা যায় সেই উদ্যোগের পথীকৃত হিসাবে প্রতিষ্ঠিত করবে।

"পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একজন জাতীয় পথপ্রদর্শক হিসাবে, নিউ ইয়র্ক স্টেট, একটি সুস্থ পরিবেশ অর্জন করার সাথে সাথে উন্নয়নেও অনুপ্রেরণা প্রদান করার জন্য কাজ করছে যা কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করবে", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন উদ্ভাবনী অংশীদারীত্ব নতুন উদ্যোগীদের নিয়োগ ও সহায়তা করবে যাদের উপলব্ধ দ্রব্য দিয়ে নতুন প্রযুক্তি গঠনের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা আছে এবং যারা ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আরও পরিচ্ছন্ন, সবুজ নিউ ইয়র্ক নির্মাণে আমাদের সহায়তা করবে।"

"পরিচ্ছন্ন শক্তির প্রযুক্তিগুলিতে বিনিয়োগ আমাদের আগ্রাসী পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে চলেছে এবং তার ফলে সমগ্র স্টেটে অর্থনৈতিক উন্নয়ন হচ্ছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, যিনি আজকের ঘোষণা করেছেন, তিনি বলেছেন।** "NYU ট্যান্ডন'স আরবান ফিউচার ল্যাব এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের মধ্যে এই অংশীদারীত্ব নতুন শুরু করা কোম্পানিগুলিকে উদ্ভাবনী ধারণার সাথে একসাথে কাজ করার সুযোগ প্রদান করবে এবং শিল্পের উন্নতি ও দক্ষতা নিশ্চিত করতে সমাধান তৈরি করবে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আরও পরিষ্কার ও সবুজ পরিবেশ গঠনে সহায়তা করবে।"

এই যৌথ কর্মসূচি, যাকে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (NYPA) উদ্ভাবনী চ্যালেঞ্জ (Innovation Challenge) বলা হয়, সেটি নিউ ইয়র্ক স্টেটে নতুন প্রযুক্তি এবং ব্যবসাএ মডেল প্রদর্শনকারী উন্নত পরীক্ষামূলক প্রকল্পগুলিকে সহায়তা করবে। যেহেতু পাওয়ার গ্রিড অনিবার্যভাবে রূপান্তর করে এবং আরও বন্টিত বিদ্যুৎ সম্পদ (distributed energy resources, DERs) এবং গ্রিড এজ সমাধানের মাধ্যমে কাজ করা শুরু করে, তাই NYPA, উদ্ভাবনী, শক্তি দক্ষতা এবং পরিচ্ছন্ন শক্তি উৎপাদনে পারদর্শিতা থাকা অতিরিক্ত সরকারি বা বেসরকারি অংশীদার খুঁজতে থাকবে।

চ্যালেঞ্জটি নতুন শুরু করা ব্যবসাগুলিকে প্রকল্পগুলিকে সফলভাবে বাস্তবায়িত করতে সহায়তা করবে যা নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটি এবং করদাতা উভয়ের উপকার করবে এবং তাদের ব্যবসা ও কার্যকারিতা আরও সম্প্রসারিত করতে তাদের উৎসাহিত করবে। যোগ্য বিবেচিত হতে, উদ্যোগীদের প্রযুক্ত এবং ব্যবসায়িক প্রয়োজনীয়তাকে অবশ্যই নিম্নলিখিত দুটি বিভাগে ভাগ করতে হবে:

- বিদ্যুৎ চালিত গাড়ি ও তাদের সংশ্লিষ্ট পরিকাঠামো।
- দীর্ঘ সময়ের (6+ ঘন্টা) শক্তি সঞ্চয় প্রযুক্তি।

এই বিষয়গুলিতে ফোকাস করা গভর্নরের গ্রিন নিউ ডিল এ পুনর্ব্যবহারযোগ্য শক্তির অভূতপূর্ব উন্নতিতে সহায়তা করবে যা 2030 সাল নাগাদ 3,000 মেগাওয়াট বিদ্যুৎ সঞ্চয়কে কাজে লাগানোতে সহায়তা করবে এবং 2025 সাল নাগাদ কোনো কার্বন ডাই অক্সাইড নির্গত না করা গাড়ির সংখ্যা বাড়িয়ে 800,000 করবে, যার সংখ্যা হবে রাস্তায় চলা দশটি গাড়ির মধ্যে একটি।

উদ্ভাবনী চ্যালেঞ্জ (Innovation Challenge) NYPA-র 250 মিলিয়ন ডলারের EVolveNY কে সহায়তা করে যা সমগ্র স্টেটে বিদ্যুৎ চালিত গাড়ির ব্যবহারকে উৎসাহিত করে যার জন্য সমগ্র স্টেটের হাইওয়ের উপর এবং নিউ ইয়র্কের বৃহত্তর সিটিগুলিতে শতাধিক চার্জ দেওয়ার ব্যবস্থা ইনস্টল করা হবে যাতে নিউ ইয়র্ক 1990 সালের স্তরের উপর ভিত্তি করে গ্রিন হাউজ গ্যাসগুলির নির্গমন 2030 সাল নাগাদ 40 শতাংশ কমাবার লক্ষ্য পূরণ করতে পারে। চ্যালেঞ্জটি 2030 সাল নাগাদ দেশের মধ্যে অগ্রনী সমগ্র স্টেটের 3,000 মেগাওয়াট শক্তি সংরক্ষণের লক্ষ্যকে সহায়তা করে যা সমগ্র স্টেটে 30,000 কর্মসংস্থান যোগ করে এই ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তি সেক্টরের ভিত গড়ে তুলতে সহায়তা করবে।

একটি প্রযুক্তি উদ্ভাবনী কৌশলের দ্বারা, এই কর্মসূচিটি NYPA কে বেশ কিছু প্রতিশ্রুতিবান নতুন সংস্থাকে চিহ্নিত করতে সহায়তা করবে এবং তাদের, বৃহৎ ইউটিলিটিগুলি নিয়ে কাজ করার জন্য প্রস্তুত করবে। সদ্য শুরু করা সংস্থা এবং ইউটিলিটির অংশীদারীত্ব গ্রিডের বিশ্বস্ততা, সংরক্ষণ, দীর্ঘস্থায়ীত্ব, এবং সাশ্রয়যোগ্যতার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি ঘটাবে, যার সবকটিই করদাতা, ইউটিলিটি এবং পরিবেশের উপকার করবে।

সংস্থাগুলির অর্থ সাশ্রয়, নিরাপত্তা ও অপারেশনের উন্নতি, রক্ষণাবেক্ষন হ্রাস, উন্নত দক্ষতা বা কর্মীবল বা সময় সাশ্রয়ের সম্ভাবনার উপর ভিত্তি করে প্রস্তাবগুলি মূল্যায়ন করা হবে। সমাধানগুলি টেকসই, অনুকরণযোগ্য এবং বাণিজ্যিকিকরণ করার যোগ্য হতে হবে।

প্রস্তাবের জন্য ফোন পেতে আগ্রহী নতুন শুরু করা ব্যবসাগুলি 1লা মে-র পরে এখানে নিবন্ধন করতে পারেন। শেষ তারিখ 15ই জুন এবং 15ই জুলাই বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গিল সি. কুইনিনোস বলেছেন, "NYPA ভবিষ্যতের একটি ইউটিলিটি হতে পেরে গর্বিত, এবং আমাদের কৌশলগত পরিকল্পনার সাথে মানানসই এবং গভর্নরের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যগুলিতে এগিয়ে যেতে সহায়তাকারী নতুন ব্যবসায়িক মডেল আমরা সবসময় সক্রিয়ভাবে অনুসন্ধান করে চলেছি। আমাদের গ্রিডের জন্য পরবর্তী প্রজন্মের উদ্ভাবনসমূহ, উন্নত বিদ্যুৎ চালিত গাড়ি প্রযুক্তি, এবং আমাদের, অনলাইনে আসা নতুন পুনর্ব্যবহারযোগ্য শক্তির বিকল্পগুলিতে সহায়তা করবে এমন নতুন শক্তি সংরক্ষণের সমাধান খুঁজে বের করতে সহায়তা করার জন্য আমরা আরবান ফিউচার ল্যাবের সাথে অংশীদারীত্ব করতে পেরে উজ্জীবিত।"

আলিসিয়া বার্টন, নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধাণ নির্বাহী কর্মকর্তা, বলেছেন, "একটি প্রকৃত কার্যকর পরিচ্ছন্ন শক্তির বাস্তুতন্ত্র যা গভর্নর কুওমোর দেশের মধ্যে অগ্রণি গ্রিন নিউ ডিল্কে সহায়তা করে, তার জন্য প্রয়োজন উচ্চাভিলাষী সরকারি-বেসরকারি অংশীদারীত্ব এবং সহযোগিতা। সকল নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য নতুন পরিচ্ছন্ন শক্তির প্রযুক্তিকে অভূতপূর্ব ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে পথ দেখাতে আরবান ফিউচার ল্যাবের কর্মসূচি আমাদের সহায়তা করছে, এবং এই সাম্প্রতিক প্রকল্প আমাদের অন্যতম বৃহৎ গ্রিনহাউস গ্যাস নির্গমনকারী – পরিবহন দপ্তরের থেকে ক্ষতিকারক গ্যাস নির্গমন হ্রাস করতে সহায়তা করবে।"

প্যাট স্যাপিন্সলে, আরবান ফিউচার ল্যাবের ম্যানেজিং ডিরেক্টর, বলেছেন, "NYPA এবং নতুন শুরু করা ব্যবসায়িক প্রতিষ্ঠান উভয়কেই এই কর্মসূচিটি প্রভূত সুবিধা প্রদান করবে। একবার নতুন শুরু করা ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি তাদের ব্যবসায়িক পণ্য বা পরিষেবার বিশ্বস্ততা এবং উপকারিতা প্রমাণ করতে পারলে, তাও নতুন গ্রাহকদের আকর্ষণ করতে এবং শিল্পজগতে বিশ্বাস গঠন করতে এর আরও কয়েক বছর লাগবে। এই কর্মসূচিটি বাণিজ্যিকীকরণের সময় আরও সংক্ষিপ্ত করবে, ইউটিলিটিকে, সদ্য শুরু করা সংস্থাগুলিকে এবং জলবায়ুকে সহায়তা করবে।"

কার্ট এইচ. বেকার, গবেষণা, উদ্ভাবন এবং উদ্যোগ বিষয়ক ট্যান্ডনের ভাইস ডিন, বলেছেন, "NYPA উদ্ভাবন চ্যালেঞ্জ ভবিষ্যৎ গতিশীলতার উপর গবেষণামূলক সংস্থার বৃদ্ধিতে অনুরণিত হচ্ছে যা NYU ট্যান্ডনকে একটি নির্ভরযোগ্য পথ প্রদর্শক এবং নিউ ইয়র্কের প্রতিদ্বন্দ্বীতাপূর্ণ পরিবহন ব্যবস্থায় একটি অপ্রত্যাশিত পরীক্ষাস্থল বানিয়েছে। UFL উদ্যোক্তারা আগামী দিনের পরিবহন ব্যবস্থাকে আরও স্মার্ট ও দীর্ঘস্থায়ী করে তুলতে আমাদের ছাত্রছাত্রী এবং ফ্যাকাল্টিদের সাথে একসাথে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেট সেনেট এনার্জি (New York State Senate Energy) চেয়ারম্যান কেভিন পার্কার বলেছেন, "এনার্জি ও টেলিকমিউনিকেশনসের সেনেট কমিটির সভাপতি হিসাবে, বিদ্যুৎ চালিত গাড়ি এবং শক্তি সংরক্ষণ সমাধান প্রদানকারী ব্যবসাগুলি শুরু করতে অনুপ্রেরণা দেওয়ার গভর্নর কুওমোর এই উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। এটি নিউ ইয়র্ককে কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্র ব্যবসা এবং উদ্যোগপতিদের টিকে থাকতে সহায়তা করার সাথে সাথে কার্বন ডাই অক্সাইড নির্গমন আরও হ্রাস করতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেমব্লী এনার্জি (New York State Assembly Energy) চেয়ারম্যান মাইকেল কুসিক বলেছেন, "নিউ ইয়র্কের গ্রিনহাউস গ্যাস নির্গমন পরিষ্কার করতে স্টেটের পরিবহন ব্যবস্থার রূপান্তর প্রয়োজন হবে, একটি প্রচেষ্টা যা বিদ্যুৎ চালিত গাড়ি এবং শক্তি সংরক্ষণের উপর নির্ভরতা বৃদ্ধি করবে। NYPA এবং NYU এর মধ্যে অংশীদারীত্ব দেখে আমি উজ্জীবিত এবং নিউ ইয়র্কের প্রাণবন্ত, পরিবেশ বান্ধব শক্তির ভবিষ্যৎ গড়ে তুলতে এই প্রচেষ্টাগুলির ফলে নতুন ব্যবসা এবং ধারণা সৃষ্টি হওয়ার অপেক্ষায় থাকবো।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেমব্লী হেলথ (New York State Assembly Health) চেয়ারম্যান রিচার্ড এন. গটফ্রায়েড বলেছেন, "পরিচ্ছন্ন শক্তি ব্যবহার করে নতুন কর্মসূচি এবং প্রযুক্তির বিকাশকে উৎসাহ প্রদান করার মাধ্যমে, NYPA-র উদ্ভোবন চ্যালেঞ্জ কর্মসূচিত অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করছে, বাতাসের মান আরও উন্নত করছে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য একটি স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তুলছে।"

আরবান ফিউচার ল্যাব ACRE এবং PowerBridgeNY (পাওয়ার ব্রিজ নিউ ইয়র্ক) কেও সহায়তা করে, যা 2010 সাল থেকে NYSERDA থেকে 10 মিলিয়ন ডলারেরও বেশি আর্থিক সহায়তা পেয়েছে। NYSERDA হল ACRE গঠনের পৃষ্ঠপোষক, নিউ ইয়র্ক সিটির আদি ক্লিনটেক ইনকিউবেটর যা পরিচ্ছন্ন প্রযুক্তির, স্মার্ট গ্রিডের এবং টেকসই সদ্য শুরু হওয়া কোম্পানিগুলির উন্নয়নে সহায়তা করে। PowerBridgeNY হল একটি NYSERDA দ্বারা অর্থের যোগান দেওয়া প্রুফ-অফ-কনসেপ্ট সেন্টার যা পরিমাপযোগ্য ক্লিনটেক সমাধানগুলিতে অগ্রগণ্য গবেষক এবং উদ্যোগপতীদের দ্বারা গঠিত ইউনিভার্সিটি-ভিত্তিক প্রযুক্তির বাণিজ্যিকীকরণ করে। ACRE এবং PowerBridgeNY প্রারম্ভিক-পর্যায়ের কোম্পানিগুলিকে উদ্ভাবনী প্রযুক্তির এবং ব্যবসার মডেল উন্নয়নে সহায়তা করে যা নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে সমর্থন করে এবং গভর্নরের পরিচ্ছন্ন শক্তি এবং আবহাওয়ার লক্ষ্য পূরণে এগিয়ে নিয়ে যায়।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ সম্পর্কে

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ হচ্ছে দেশের সবচেয়ে বৃহৎ স্টেট জন বিদ্যুৎ সংস্থা, যা 16টি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং 1,400 সার্কিট-মাইলেরও বেশি ট্রান্সমিশন লাইন পরিচালনা করে। NYPA দ্বারা উৎপাদিত বিদ্যুতের শতকরা 70 ভাগেরও বেশি হচ্ছে পরিষ্কার নবায়নযোগ্য হাইড্রো শক্তি। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে।

আরো তথ্যের জন্য এখানে দেখুন এবং আমাদের টুইটার@NYPAenergy, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার এবং লিঙ্কডিন এ অনুসরণ করুন ।

আরবান ফিউচার ল্যাব সম্পর্কে

আরবান ফিউচার ল্যাব, NYU ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিংয়ের অংশ, নিউ ইয়র্কে ক্লিনটেক উদ্ভাবনের কেন্দ্র। UFL জলবায়ু পরিবর্তনের সহজলভ্য সমাধানের উন্নতির জন্য মানব, পুঁজি এবং উদ্দেশ্যের মধ্যে সংযোগ সাধন করে একটি আরও দীর্ঘস্থায়ী বিশ্বের দিকে এগিয়ে নিয়ে চলেছে। UFL কর্মসূচিগুলি ACRE, একটি সিরিজ A সদ্য শুরু করা ব্যবসাগুলির প্রারম্ভিক মূলধনের জন্য বিজনেস ইউকুবেশন প্রোগ্রাম (business incubation program), PowerBridgeNY, স্থানীয় ইউনিভার্সিটিগুলি থেকে গবেষণা বাণিজ্যিকীকরণকারী একটি প্রুফ-অফ-কনসেপ্ট সেন্টার (proof-of-concept center), ক্লিনটেক সেক্টরে আসতে চাওয়া মানুষদের জন্য NYU থেকে একটি অ্যাডভান্সড ডিপ্লোমাকে (advanced diploma) অন্তর্ভুক্ত করে। আরও তথ্যের জন্য, এই ওয়েবসাইটটি দেখুন।

নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং সম্পর্কে
নিউ ইয়র্ক ইউনিভার্সিটি স্কুল অফ সিভিল ইঞ্জিনিয়ারিং (New York University School of Civil Engineering and Architecture) এবং আর্কিটেকচার এবং ব্রুকলিন কলিজিয়েট এবং পলিটেকনিক ইনস্টিটিউট (Brooklyn Collegiate and Polytechnic Institute) (ব্রুকলিন পলি নামে বেশি পরিচিত) উভয়ের সাথে একই বছরে 1854 সালে NYU ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং স্থাপিত হয়েছিল। 2014 সালে জানুয়ারি মাসে একত্রিত হয়ে শিক্ষা এবং ইঞ্জিনিয়ারিং এবং ফলিত বিজ্ঞান গবেষণার একটি ব্যাপক স্কুল তৈরি হয়, যার শিকড় আবিষ্কার এবং উদ্যোগের চিরাচরিত রীতিতে এবং যা সমাজের সেবায় প্রযুক্তিকে আরও উন্নত করার জন্য নিবেদিত। ব্রুকলিনের কেন্দ্রস্থলে অবস্থিত হওয়ার সাথে সাথে, NYU ট্যান্ডন NYU এর মধ্যবর্তী অন্যান্য স্কুলগুলির সাথে একযোগে কাজ করে, দেশের পুরাতন বেসরকারী গবেষণার ইউনিভার্সিটিগুলির মধ্যে অন্যতম, এবং NYU আবু ধাবি এবং NYU সাংহাই এর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামগুলির সাথে ঘনিষ্ঠভাবে সংযুক্ত। এটি ডাউনটাউন ম্যানহাটন এবং ব্রুকলিনে নতুন ব্যবসা শুরু করার উপর ফোকাস করা ফিউচার ল্যাব এবং একটি পুরষ্কার-বিজয়ী অনলাইন গ্র্যাজুয়েট প্রোগ্রাম চালায়। আরও তথ্যের জন্য, এই ওয়েবসাইটটি দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল
গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা যা আগ্রাসীভাবে নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষ বিস্তৃত-অর্থনীতির পথে নিয়ে যাবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, পরিবেশ বান্ধব অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে 100 শতাংশ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। এই নতুন প্রস্তাবিত আদেশটির ভিত্তি হল 2030 সাল নাগাদ নিউ ইয়র্কের সফল ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের 70 শতাংশ পুনর্ব্যবহারযোগ্য বিদ্যুতে উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসাবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে সারা স্টেটে 46টি বৃহৎ স্কেল নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: নিউইয়র্কের অফশোর বাতাসের লক্ষ্য চারগুণ করে 2035 সালের মধ্যে দেশের মধ্যে সর্বোচ্চ 9,000 মেগাওয়াট করা; সোলার নিয়োগ 2025 সালের মধ্যে দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া; 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় নিযুক্ত করা। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে|

রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision, REV)
গ্রিন নিউ ডিল গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর ল্যান্ডমার্ক রিফর্মিং দ্য এনার্জি ভিশন কৌশলের উপর ভিত্তি করে গঠন করে পরিবেশ পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে এবং নিউ ইয়র্কের অর্থনীতি বৃদ্ধি করতে| REV সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আরো পরিচ্ছন্ন, আরো সহনশীল এবং সাশ্রয়ী শক্তির সিস্টেম তৈরি করছে পরিচ্ছন্ন প্রযুক্তিতে, যেমন সোলার, বাতাস, এবং শক্তির দক্ষতাতে বিনিয়োগ বৃদ্ধি করে| ইতোমধ্যেই, REV স্টেট জুড়ে সৌর বাজারকে প্রায় 1,500 শতাংশ বৃদ্ধি করেছে, 1.65 মিলিয়ন নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তি সামর্থ্যের মধ্যে নিয়ে এসেছে এবং নিউ ইয়র্ক স্টেটে উৎপাদন, প্রকৌশল ও অন্যান্য পরিচ্ছন্ন প্রযুক্তির ক্ষেত্রে 150,000 লোকের কর্মসংস্থান করেছে।

গ্রিন নিউ ডিল ও REV সম্পর্কে আরো জানতে, দেখুন rev.ny.gov, আমাদের অনুসরণ করুন, ফেসবুক, লিঙ্কডিনএবং টুইটারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন